বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর জীবননগর শাখার আহবায়ক কমিটি গঠন

বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর জীবননগর শাখার আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। ১৭ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটিতে সাংবাদিক আতিয়ার রহমানকে আহবায়ক এবং সাংবাদিক মতিয়ার রহমানকে সদস্য সচিব নির্বাচিত করা হয়েছে।

কমিটি গঠন আলোচনা সভায় সভাপতিত্ব করেন সাংবাদিক আতিয়ার রহমান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি জহির রায়হান এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, সাধারন সম্পাদক আদিল হোসেন।

আহবায়ক কমিটির অন্য সদস্যরা হলেন-রাজেদুল ইসলাম, বিশিষ্ট ব্যবসায়ী তরিকুল ইসলাম, বাউল শিল্পী আজাদ, শাহজান আলী লিটন, মিঠু মিয়া, মুন্সী রিপন হোসেন, সবুজ হোসেন, শরিফ উদ্দিন, শাহাব উদ্দিন, খাজা মতিয়ার শাহ, স্কুল শিক্ষক ও লেখক শফিকুল ইসলাম, সেলিম হোসেন, রফিক শাহ, লাল্টু মিয়া, আলী হোসেন ও আব্দুল খালেক।

উল্লেখ্য, উক্ত আহবায়ক কমিটি আগামী এক মাসের মধ্যে পুর্ণাঙ্গ কমিটি গঠনে কার্যকরি ভুমিকা পালন করবেন।

শিক্ষক লাঞ্ছিতের প্রতিবাদে মেহেরপুরে উদীচী শিল্পীগোষ্ঠীর মানববন্ধন

অব্যাহত শিক্ষক নির্যাতন,নিপীড়ন ও হত্যার প্রতিবাদে দেশব্যাপী প্রতিবাদী সাংস্কৃতিক সমাবেশের অংশ হিসেবে মেহেরপুরে বাংলাদেশ

উদীচী শিল্পীগোষ্ঠীর উদ্যোগে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল ৫ টার দিকে মেহেরপুর প্রেস ক্লাব প্রাঙ্গণে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর সভাপতি সুশীল চক্রবর্তী এর নেতৃত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন, বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর সাধারণ সম্পাদক এডভোকেট মিজানুর রহমান, অক্সফোর্ড কিন্ডারগার্ডেন স্কুলের অধ্যক্ষ জানে আলম, সদস্য মোঃ ফিরোজ হোসেন, আরাত্রিকা চক্রবর্তী, সাধনা খাতুন, রবীন্দ্রনাথ ভট্টাচার্য, সঞ্জিত পাল বাপ্পি, শহিদুল ইসলাম কানন, রতন পাল, আহসান রাজিব (অপু), রাজন, অনুভব আহমেদ প্রমুখ।